ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৯৮১

আগরতলা, ৪ আগস্ট, ২০২৬

# প্রাক্তন রাজ্যপাল ডি ওয়াই পাটিলের প্রয়াণে রাজ্যপালের শোক

ত্রিপুরার প্রাক্তন রাজ্যপাল ডি ওয়াই পাটিলের প্রয়াণে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবার্তায় তিনি বলেছেন, ডি ওয়াই পাতিল একজন বিশিষ্ট জনসেবক হিসেবে চিরস্মরণীয় হয়ে থাকবেন। তিনি মর্যাদা, প্রজ্ঞা এবং গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি অবিচল অঙ্গিকারের সাথে তাঁর সাংবিধানিক দায়িত্ব পালন করেছেন। ত্রিপুরার রাজ্যপাল হিসেবে তাঁর দায়িত্বকালে তিনি রাজ্যের কল্যাণ ও সার্বিক উন্নয়নের লক্ষ্যে নিষ্ঠার সঙ্গে কাজ করেছেন এবং তাঁর বিনয়, সৌজন্য ও মানবিক আচরণের মাধ্যমে রাজ্যের মানুষের শ্রদ্ধা ও ভালোবাসা অর্জন করেছেন।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু তাঁর শোকবার্তায় বলেছেন ডি ওয়াই পাটিলের প্রয়াণ জাতির জন্যে এবং যারা তাঁর সান্নিধ্য লাভের সৌভাগ্য অর্জন করেছিলেন তাদের সকলের জন্য এক অপূরণীয় ক্ষতি। জনসেবার প্রতি তাঁর আজীবন নিষ্ঠা এবং সংবিধানের আদর্শের প্রতি তাঁর অটল অঙ্গীকার আগামী প্রজন্মের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ত্রিপুরার জনগণের পক্ষ থেকে এবং ব্যক্তিগতভাবে তিনি প্রয়াত প্রাক্তন রাজ্যপাল ডি ওয়াই পাটিলের শোক সন্তপ্ত পরিবারের সদস্য এবং তাঁর অগণিত গুণমুদ্ধদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করেছেন। পরম করুণাময়ের কাছে তিনি প্রয়াত ডি ওয়াই পাটিলের বিদেহী আত্মার চিরশান্তি এবং শোক সন্তপ্ত পরিবার যাতে এই অপূরণীয় ক্ষতি সহ্য করার শক্তি ও ধৈর্য্য প্রদান করেন তা কামনা করেছেন।

*******